১৫৬

দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 25 1999

পৃষ্ঠা 2 কলাম 7

# শহীদ আনোয়ার গার্লস কলেজ কর্তৃপক্ষের প্রতিবাদ

শহীদ আনোয়ার গার্লস কলেজ কর্তৃপক্ষ গত ২০ ফেব্রুয়ারি দৈনিক জনকণ্ঠের দৃষ্টি আকর্ষণ কলামে প্রকাশিত চিঠির প্রতিবাদ করেছে।

প্রতিবাদপত্রে বলা হয়, চিঠির লেখিকা শুধু শরীর চর্চা করে বাড়ি ফেরার যে অভিযোগ এনেছেন তা সম্পূর্ণ ভিত্তিহীন। তাঁর এই অভিযোগ শিক্ষা কার্যক্রম সম্পর্কে তার অনভিজ্ঞতার পরিচয় বহন করে। শিক্ষাকে তিনি শুধুমাত্র শ্রেণী কক্ষের শিক্ষার মধ্যেই কল্পনা করেছেন।

প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান হয়ে থাকে এবং ছাত্রছাত্রীদের বেশ কিছু দিন ধরে এই ক্রীড়া অনুষ্ঠানের জন্য অনুশীলন করতে হয়। আর এ ধরনের কাজে সময় ব্যয় করাকে অনিয়ম বলা কোন মতেই সঠিক নয়। এ প্রতিষ্ঠানেও আমরা বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানের জন্য অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় অল্প সময় ব্যয় করে থাকি। কারণ সারা বছর সপ্তাহে একটি পিরিয়ড নির্ধারিত থাকে ছাত্রীদের শরীর চর্চার জন্য। ঐ সময়গুলোতে ছাত্রীরা অনেক কিছু অনুশীলন করে থাকে। যা বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানে নতুন করে শিখতে হয় না। শুধু বার্ষিক ক্রীড়ানুষ্ঠান উপলক্ষে সমন্বিত শরীর চর্চার জন্য ১০/১২ দিন সময় ব্যয় হয়।

লেখিকার আর একটি অভিযোগ শিক্ষকদের যোগ্যতার অভাব ও অবহেলা। অভিযোগকারী কিভাবে শিক্ষকদের যোগ্যতা নিরূপণ করলেন তা আমার জানা নেই। সম্পূর্ণ নিয়মতান্ত্রিকভাবে পরিচালনা পরিষদের অনুমোদন দ্বারা শিক্ষকগণের প্রতিটি নিয়োগ কার্যকর হয়।

প্রতিবাদপত্রের শেষে কলেজের অধ্যক্ষ বলেন, শহীদ আনোয়ার গার্লস কলেজের মতো একটি শিক্ষা প্রতিষ্ঠানের সুনাম নষ্ট করার জন্য লেখিকা যে পদক্ষেপ নিয়েছেন তা একেবারেই সমীচীন হয়নি। কোন বিষয়ে কোন অভিভাবকের জানার কিছু থাকলে তা কলেজ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে জেনে নেয়াই স্বীকৃত নিয়ম। — খবর বিজ্ঞপ্তির।